



# বিসিএসআইআর, চট্টগ্রাম গবেষণাগার

## বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ (বিসিএসআইআর)

সূত্র নং: ৩৯.০২.১৫০৬.০৩৭.৩৬.০০১.১৯/৫৪৪

তারিখ: ২১/০৬/২০২১ইং।

### বিসিএসআইআর বিজ্ঞান ও শিল্প-প্রযুক্তি মেলা ২০২১

বিসিএসআইআর গবেষণাগার চট্টগ্রাম প্রতি বছরের ন্যায় এবারও বিভিন্ন স্কুল-কলেজের বিজ্ঞান মনস্ক শিক্ষার্থীদের সুপ্ত প্রতিভা বিকশিত করার উদ্দেশ্যে করোনা পরিস্থিতিতে স্বাস্থ্যবিধি মেনে স্বল্প পরিসরে আগামী ২৮ জুন, ২০২১ ইং ০১ দিন ব্যাপি “বিসিএসআইআর বিজ্ঞান ও শিল্প-প্রযুক্তি মেলা-২০২১” এর আয়োজন করতে যাচ্ছে। এ মেলার প্রকৃত উদ্দেশ্য হল নতুন প্রজন্মের মাঝে বিজ্ঞান সচেতনতা বৃদ্ধির পাশাপাশি গবেষণার মাধ্যমে দেশীয় সম্পদের মান উন্নয়ন করা এবং জনগণের চাহিদা অনুযায়ী নতুন নতুন প্রযুক্তি উদ্ভাবনে তাদের অগ্রহ সৃষ্টি করা। মেলা সকাল ৯ঃ০০ ঘটিকা হতে সন্ধ্যা ৭ঃ০০ ঘটিকা পর্যন্ত চলবে। শিক্ষার্থীদের তিনটি গ্রুপে (৬ষ্ঠ-৮ম শ্রেণীঃ গ্রুপ- ‘A’, ৯ম-১০ম শ্রেণীঃ গ্রুপ - ‘B’, ১১শ-১২শ শ্রেণীঃ গ্রুপ - ‘C’) বিভক্ত করে মেলায় অংশগ্রহণের সুযোগ দেয়া হবে। নির্দিষ্ট সংখ্যক শিক্ষার্থীরা তাদের উদ্ভাবিত প্রকল্পসমূহ মেলায় স্বাস্থ্যবিধি মেনে সরাসরি প্রদর্শন করতে পারবে। এছাড়া ভিডিও / অনলাইনেও প্রকল্প প্রদর্শন করা যাবে অর্থাৎ এক্ষেত্রে সরাসরি উপস্থিতির প্রয়োজন নাই। প্রত্যেক প্রকল্পে সর্বোচ্চ ০২ জন শিক্ষার্থী অংশগ্রহন করতে পারবে এবং প্রত্যেক শিক্ষা প্রতিষ্ঠান হতে শিক্ষার্থীদের প্রতিনিধি হিসেবে সর্বোচ্চ ০২ জন শিক্ষক তাঁদের দায়িত্ব পালন করবেন। তাছাড়া বিজ্ঞান ক্লাবের সদস্যবৃন্দ এ মেলায় অংশগ্রহন করার সুযোগ পাবে। মেলায় অংশগ্রহনকারী সকল শিক্ষার্থীদের প্রত্যেককে আলাদাভাবে সনদপত্র প্রদান করা হবে। প্রত্যেক গ্রুপ হতে ১টি সেরা প্রকল্প নির্বাচন করে ঐ প্রকল্পে অংশগ্রহনকারী শিক্ষার্থীদেরকে পুরস্কার ও সনদ প্রদান করা হবে। প্রত্যেক শিক্ষা প্রতিষ্ঠান হতে সর্বোচ্চ ১০টি প্রকল্প জমা দেয়া যাবে।

মেলায় অংশগ্রহনে ইচ্ছুক শিক্ষার্থীদেরকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আগামী ২৭ জুন, ২০২১ ইং তারিখের মধ্যে এতদসঙ্গে সংযুক্ত আবেদন ফরম পূরণপূর্বক প্রকল্পের সারসংক্ষেপ বাংলা বা ইংরেজীতে টাইপ করে উহার সফটকপি (MS Word-Bijoy format), ০১ (এক) কপি রঙ্গিন ছবি (প্রত্যেক অংশগ্রহনকারীর) এবং প্রকল্প সম্পর্কিত ভিডিও ই-মেইল [sfchattogramlabs@gmail.com](mailto:sfchattogramlabs@gmail.com) এর মাধ্যমে অথবা Google Drive এর মাধ্যমে অথবা সরাসরি CD/Pen dive এর মাধ্যমে পাঠাতে হবে। প্রত্যেক অংশগ্রহনকারীর যোগাযোগের ঠিকানা, ফোন অথবা মোবাইল নম্বর ও ই-মেইল (যদি থাকে) অবশ্যই উল্লেখ করতে হবে। এছাড়া আবেদন ফরম [chattogramlabs.bcsir.gov.bd](http://chattogramlabs.bcsir.gov.bd) ওয়েবসাইট থেকেও সংগ্রহ করা যাবে।

জরুরী প্রয়োজনে যোগাযোগের ঠিকানাঃ বিসিএসআইআর, চট্টগ্রাম গবেষণাগার, পোঃ- চট্টগ্রাম সেনানিবাস, চট্টগ্রাম-৪২২০।

ফোনঃ পরিচালক-০৩১-৬৮১৭৬৪, ৬৮১০০৫, PABX: ০৩১-৬৮১৭৬১, ৬৮১৭৬৩ Ex: ১০১

ফ্যাক্সঃ ০৩১-৬৮২৫০৫।

মোবাইলঃ ০১৭১৫০৫৩৮৬১ (ড. দীপংকর চক্রবর্তী), ০১৮৬৪৫৪৬৯৩৯ (ড. সাইফুল ইসলাম), ০১৮৮৯৮৫৬০২৬ (কাউছার আহমেদ), ০১৮১৬৫৫৩৪৪৪ (এ. জে. এম. মোরশেদ), ০১৮১৮৩৯১৪৬০ (সুজন কান্তি দাস)।

(ড. মোহাম্মদ মোস্তফা)  
পরিচালক (অতিঃ দায়িত্ব)

ডাকঘরঃ চট্টগ্রাম সেনানিবাস, চট্টগ্রাম - ৪২২০, বাংলাদেশ।

ফোনঃ পরিচালক - ৬৮১৭৬৪, ৬৮১০০৫ PABX: ৬৮১৭৬১, ৬৮১৭৬৩  
ফ্যাক্সঃ ০০৮৮-০৩১-৬৮২৫০৫, E-mail: [bcsirlabsctg@yahoo.com](mailto:bcsirlabsctg@yahoo.com)  
Website: [chattogramlabs.bcsir.gov.bd](http://chattogramlabs.bcsir.gov.bd)